

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬০৯

७/ जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৫৮. কোন মহিলার গর্ভপাত হলে।

بَابِ مَا جَاءَ فِيمَنْ أُصِيبَ بِسِقْطٍ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ هَاشِمِ بْنِ مَرْزُوقٍ حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ عُبَيْدِ اللهِ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّ السِّقْطَ لَيَجُرُّ أُمَّهُ بِسَرَرِهِ إِلَى الْجَنَّةِ إِذَا احْتَسَبَتْهُ

বাংলা

৩/১৬০৯। মুআয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সেই সত্তার শপথ, যাঁর হাতে আমার প্রাণ! গর্ভপাত হওয়া সন্তানের মাতা তাতে সওয়াব আশা করলে ঐ সন্তান তার নাভিরজ্জু দ্বারা তাকে টেনে জান্নাতে নিয়ে যাবে।

English

It was narrated from Mu'adh bin Jabal that the Prophet (ﷺ) said: "By the One in Whose Hand is my soul! The miscarried fetus will drag his mother by his umbilical cord to Paradise, if she (was patient and) sought reward (for her loss)."

ফুটনোট

আহমাদ ২১৫৮৫ মিশকাত ১৭৫৪।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াহইয়া বিন উবায়দুল্লাহ বিন মুসলিম আল হাদরামী সম্পর্কে ইবনু আদী বলেন, আমি আশা করি তার মাঝে কোন সমস্যা নেই। ইয়াহইয়া বিন মাঈন বলেন,তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু হাতিম আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আল-আজালী বলেন, তিনি সিকাহ নন তবে তার থেকে হাদিস গ্রহন করা যায়। এ হাদিসের ৯৯ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে আবু দাউদে ১ টি, ইবনু মাজাহ



৪ টি, আহমাদ ২ টি, সহীহ ইবনু হিব্বান ২ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন